



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ৩১.১০.২০১৭ খ্রি:

### বরিশাল বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা (ছাত্র) ২০১৭'র চ্যাম্পিয়ন বাংলা বিভাগের আয়োজনে চ্যাম্পিয়ন'স ডে উদ্ঘাপন

সদ্য সমাপ্ত বরিশাল বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা (ছাত্র) ২০১৭'র চ্যাম্পিয়ন বাংলা বিভাগের আয়োজনে আদ্য ৩১ অক্টোবর ক্যাম্পাসে উদ্ঘাপিত হয়েছে চ্যাম্পিয়ন'স ডে। বাংলা বিভাগের শিক্ষার্থীরা আনন্দ উন্নাস এর মাধ্যমে এ চ্যাম্পিয়ন'স ডে উদ্ঘাপন করেন। এ উপলক্ষে বাংলা বিভাগের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ক্যাফেটেরিয়ায় এক মধ্যাহ্ন ভোজেরও আয়োজন করা হয়। চ্যাম্পিয়ন বাংলা বিভাগের শিক্ষার্থী এবং রানার্সআপ ফিল্যাপ এন্ড ব্যাংকিং বিভাগের খেলোয়ারদের অংশগ্রহণে মধ্যাহ্ন ভোজে অংশ নেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইয়ামুল হক, ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বাংলা বিভাগের চেয়ারম্যান শারমিন আক্তার, শেরে বাংলা হলের প্রভোস্ট ফিল্যাপ এন্ড ব্যাংকিং বিভাগের চেয়ারম্যান মোঃ ইব্রাহীম মোল্লা, বাংলা বিভাগের সহকারী অধ্যাপক সঙ্গে কুমার সরকার, প্রতায়ক সানজীদা মাসুদ, সুলতানা নাজনীন, উন্নেষ্ঠ রায় সহ অন্যান্যরা। উপাচার্য মহোদয় এ ধরনের একটি আয়োজন করার জন্য বাংলা বিভাগকে ধন্যবাদ জানিয়ে উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিগত দিনের সুনাম রক্ষার্থে আগামী ২৪ ও ২৫ নভেম্বর অনুষ্ঠিতব্য স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষা সুষ্ঠভাবে সম্পাদনে সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রায় সামিল হওয়ার জন্য সকলের প্রতি উদাত্ত আহবান জানান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রফি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)  
জনসংযোগ অফিস